ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ
দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন

‘নতুন বাংলাদেশ’
কর্তৃত্ববাদী সরকার পতন-পরবর্তী ১০০ দিনের ওপর পর্যবেক্ষণ

শাহজাদা এম আকরাম (প্রধান গবেষক)
মো. জুলকারনাইন
ফারহানা রহমান
মো. মোস্তফা কামাল

১৮ নভেম্বর ২০২৪

প্রেক্ষাপট

- সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে শিক্ষার্থীদের বৈষম্যবিরোধী আন্দোলনের ঘটনাপ্রবাহে নজিরবিহীন সহিংসতা, রক্তপাত ও ত্যাগের বিনিময়ে ৫ আগস্ট ২০২৪ কর্তৃত্ববাদী সরকারের পতন; দ্বাদশ জাতীয় সংসদ বিলুপ্ত ঘোষিত
- ৮ আগস্ট অন্তর্বর্তী সরকারের দায়িত্ব গ্রহণ - বর্তমানে প্রধান উপদেষ্টাসহ ২৯ জনের উপদেষ্টা পরিষদ-সংবলিত অন্তর্বর্তী সরকারের কার্যক্রম চলমান
- বৈষম্যবিরোধী আন্দোলনকারী ছাত্র-জনতার মূল প্রত্যাশা একটি বৈষম্যহীন, সম-অধিকারভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক 'নতুন বাংলাদেশ' গড়ার উপযোগী রাষ্ট্রকাঠামো এবং নতুন রাজনৈতিক ও সামাজিক বন্দোবস্ত নিশ্চিত করা - মূল অভীষ্ট জনপ্রতিনিধিত্ব, সরকার ও প্রশাসনিক ব্যবস্থা ও চর্চায় আমূল পরিবর্তন যেখানে জনগণের রায় ও অর্পিত ক্ষমতায় এবং জনগণের কাছে কার্যকর জবাবদিহিতার মাধ্যমে রাষ্ট্র পরিচালিত হবে
- অন্তর্বর্তী সরকার দায়িত্ব গ্রহণের সময় এবং পরবর্তী সময়ে বিদ্যমান বিভিন্ন চ্যালেঞ্জ - দুর্বল অর্থনীতি; বৈদেশিক ঋণ পরিশোধের চাপ; সব খাত ও প্রতিষ্ঠানে ব্যাপক দলীয়করণের কারণে পতিত সরকারের সমর্থক ও সুবিধাভোগী গোষ্ঠীর অসহযোগিতা; দুর্বল রাষ্ট্রীয় প্রতিষ্ঠান; দুর্নীতিগ্রস্ত সেবা ব্যবস্থা; আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও অরাজকতা; উপর্যুপরি প্রাকৃতিক দুর্যোগ

প্রেক্ষাপট

- কর্তৃত্ববাদী সরকার পতনের পর ছাত্র-জনতার প্রত্যাশা:
  - আইনের শাসন - আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ, বৈষম্যবিরোধী আন্দোলন ও তার পূর্বে সংঘটিত অপরাধ ও মানবাধিকার লঙ্ঘনের সুষ্ঠু তদন্ত ও বিচার, ক্ষতিগ্রস্তদের সম্পূর্ণ তালিকা প্রণয়ন, সহায়তা ও পুনর্বাসন
  - অর্থনৈতিক স্থিতিশীলতা - মূল্যস্ফীতি হ্রাস, বাজার ও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ, রিজার্ভ বৃদ্ধি, পাচারকৃত অর্থ ফেরত আনা
  - দুর্নীতিমুক্ত ও জবাবদিহিমূলক রাষ্ট্র ও প্রশাসন
  - রাষ্ট্র, রাজনীতি ও নির্বাচনী ব্যবস্থা সংস্কার - সংবিধান, রাজনৈতিক দল, নির্বাচনী ব্যবস্থা
  - খাত ও প্রতিষ্ঠানভিত্তিক সংস্কার - সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান (নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন, ইত্যাদি), বিচার বিভাগ, জনপ্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, আর্থিক খাত, শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবহন, পরিবেশ
  - নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর - দ্রুততম সময়ের মধ্যে সুষ্ঠু, নিরপেক্ষ ও অংশগ্রহণমূলক নির্বাচন
  - তরুণ জনগোষ্ঠীর কর্মসংস্থান

যৌক্তিকতা

- গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠা এবং দুর্নীতি প্রতিরোধ ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) প্রধান লক্ষ্য - এ সংক্রান্ত প্রতিষ্ঠানের কার্যকরতার ওপর গবেষণা ও অধিপরামর্শ টিআইবির ধারাবাহিক কার্যক্রমের অংশ
- ইতোপূর্বে বিভিন্ন সময়ে গণতান্ত্রিক অগ্রযাত্রায় সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত রাষ্ট্রীয় ও সরকারি প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষণ
- দুর্নীতি প্রতিরোধ, গণতন্ত্র, সুশাসন ও শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য রাষ্ট্রকাঠামোতে প্রয়োজনীয় সংস্কারের লক্ষ্যে অন্তর্বর্তী সরকারের কাছে টিআইবি'র পক্ষ থেকে সুপারিশমালা প্রস্তাব (২৮ আগস্ট ২০২৪), এবং পরবর্তীতে খাতভিত্তিক পলিসি ব্রিফ অব্যাহত
- রাষ্ট্র সংস্কারের প্রত্যাশা পূরণে অন্তর্বর্তী সরকারসহ সকল অংশীজনের কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ গুরুত্বপূর্ণ
- এই পরিপ্রেক্ষিতে বর্তমান গবেষণার উদ্যোগ গ্রহণ - কর্তৃত্ববাদী সরকার পতনের পর ১০০ দিনের ঘটনাপ্রবাহের ওপর পর্যবেক্ষণভিত্তিক প্রতিবেদন

গবেষণার উদ্দেশ্য

প্রধান উদ্দেশ্য

কর্তৃত্ববাদী সরকার পতনের পর ১০০ দিনের ঘটনাপ্রবাহ ও অংশীজনের ভূমিকা পর্যালোচনা করা

সুনির্দিষ্ট উদ্দেশ্য

১. অন্তর্বর্তী সরকারের গৃহীত রাষ্ট্র সংস্কার, দুর্নীতি প্রতিরোধ, গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠা সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা করা

২. রাষ্ট্র সংস্কারের ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনের ভূমিকা পর্যালোচনা করা

৩. রাষ্ট্র পরিচালনা ও সংস্কারের ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের বিভিন্ন চ্যালেঞ্জ চিহ্নিত করা

গবেষণার পরিধি

- গবেষণায় অন্তর্ভুক্ত বিষয়

    ১. রাজনৈতিক প্রেক্ষিত
    ২. প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক সংস্কার
    ৩. আইনের শাসন ও মানবাধিকার
    ৪. অনিয়ম-দুর্নীতি প্রতিরোধ ও অর্থপাচার রোধ
    ৫. অর্থনৈতিক স্থিতিশীলতা
    ৬. গণমাধ্যমের স্বাধীনতা ও তথ্য অধিকার
    ৭. স্থানীয় সরকারব্যবস্থা
    ৮. অন্যান্য খাত (শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ ও জ্বালানি, পরিবেশ, অভিবাসন)

গবেষণাপদ্ধতি ও সময়

- অন্তর্বর্তী সরকার ও অন্যান্য অংশীজনের রাষ্ট্র সংস্কার, দুর্নীতি প্রতিরোধ, গণতন্ত্র ও সুশাসন প্রতিষ্ঠা সংক্রান্ত কার্যক্রম চিহ্নিতকরণ
- গুণগত গবেষণাপদ্ধতি অনুসরণ করে প্রধানত গুণগত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ; ক্ষেত্রবিশেষে পরিমাণগত তথ্য ব্যবহার
- প্রাথমিকভাবে তথ্য সংগ্রহ করার পর অন্যান্য প্রত্যক্ষ ও পরোক্ষ উৎস হতে তথ্যের যথার্থতা ও নির্ভরযোগ্যতা যাচাই
- **তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি:** বিভিন্ন উৎস হতে প্রকাশিত তথ্য সংগ্রহ ও পর্যালোচনা
- **তথ্যের উৎস:** সংশ্লিষ্ট সরকারি পরিপত্র, অধ্যাদেশ ও বিধিমালা (খসড়া / চূড়ান্ত); সংবাদপত্র ও ওয়েবসাইটে প্রকাশিত সংবাদ, প্রবন্ধ, মতামত ও বিশ্লেষণ; রাজনৈতিক দল, বিশেষজ্ঞ, গবেষক, সাংবাদিক, ছাত্র ও নাগরিক সমাজের প্রতিনিধিদের প্রকাশিত সাক্ষাৎকার; সরকারি ও অন্যান্য ওয়েবসাইট
- **গবেষণার সময়:** আগস্ট - নভেম্বর ২০২৪ সময়ে গবেষণার তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও প্রতিবেদন প্রণয়ন
- **সংগৃহীত তথ্যের সময়:** কর্তৃত্ববাদী সরকার পতনের পর থেকে ১০০ দিন (২০২৪ এর ৫ আগস্ট থেকে ১৬ নভেম্বর পর্যন্ত)

গবেষণার ফলাফল

অন্তর্বর্তী সরকার

১. রাজনৈতিক প্রেক্ষিত

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ রাষ্ট্রব্যবস্থার সংস্কার ও নির্বাচনের রূপরেখা নিয়ে আলোচনা করতে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে সংলাপ ▪ রাজনৈতিক দল হিসেবে জামায়াতে ইসলামীর নিষেধাজ্ঞা প্রত্যাহার ▪ রাজনৈতিক দলের নিবন্ধন প্রদান - গণ অধিকার পরিষদ, নাগরিক ঐক্য, গণসংহতি আন্দোলন, এবি পার্টি ▪ আওয়ামী লীগের ছাত্রসংগঠন বাংলাদেশ ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা; একই সঙ্গে এই ছাত্রসংগঠনকে নিষিদ্ধ সত্ত্বা হিসেবে তালিকাভুক্ত করা ▪ সম্পূর্ণ বিচার না হওয়া পর্যন্ত আওয়ামী লীগের পুনর্বাসন না করা, মানবতাবিরোধী অপরাধী হিসেবে তাদের বিচারপ্রক্রিয়া শুরু, ফ্যাসিবাদী দল ও জোটকে প্রকাশ্যে কর্মসূচি পালনের সুযোগ থাকবে না মর্মে ঘোষণা ▪ গণভবনকে 'জুলাই গণ-অভ্যুত্থান স্মৃতি জাদুঘর' করার সিদ্ধান্ত ▪ ৭ মার্চসহ আটটি জাতীয় দিবস উদযাপন বা পালন না করার সিদ্ধান্ত ▪ ৩৩টি উচ্চ শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি নিষিদ্ধ ঘোষণা ▪ চারটি ব্যাংকনোট থেকে শেখ মুজিবের ছবি বাদ দেওয়ার সিদ্ধান্ত	▪ কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ ঘোষণা বা নিষেধাজ্ঞা প্রত্যাহারের সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়া বিতর্কিত ▪ আটটি জাতীয় দিবস পালন না করার সিদ্ধান্ত সমালোচিত ▪ নিষিদ্ধ ঘোষণা সত্ত্বেও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কিছু রাজনৈতিক দলের ছাত্র সংগঠনের কার্যক্রম চলমান ▪ অন্যান্য পেশা ও প্রতিষ্ঠানে দলীয় রাজনীতির বিষয়ে অবস্থান না থাকা

২. প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক সংস্কার

নিয়োগ ও রদবদল

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ কর্তৃত্ববাদী সরকার পতনের পর থেকে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধান ও অন্যান্য কর্মকর্তার পদত্যাগ - জাতীয় সংসদের স্পিকার, বিচার বিভাগ, আইন কমিশন, সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান (বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, নির্বাচন কমিশন, দুর্নীতি দমন কমিশন, জাতীয় মানবাধিকার কমিশন, তথ্য কমিশন), বিশ্ববিদ্যালয় (উপাচার্য) ও কলেজ (অধ্যক্ষ), বাংলাদেশ ব্যাংক (গভর্নর, উপদেষ্টা, বিএফআইইউ এর প্রধান), রাষ্ট্রীয় ও বাণিজ্যিক ব্যাংক, এনার্জি রেগুলেটরি কমিশন, স্টক এক্সচেঞ্জ ও কমিশন, ক্রীড়া সংস্থা, ব্যবসায় সমিতি, ইত্যাদি ▪ বিভিন্ন প্রতিষ্ঠানকে আওয়ামী লীগের প্রভাবমুক্ত করার অংশ হিসেবে প্রশাসনিক রদবদল - পদোন্নতি, পদায়ন, বাধ্যতামূলক অবসর, চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল ঘোষণা, পরবর্তীতে চুক্তিতে নিয়োগ - সাংবিধানিক ও সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, জনপ্রশাসন, বিচার বিভাগ, আইন-শৃঙ্খলা ও প্রতিরক্ষা বাহিনী, আর্থিক প্রতিষ্ঠান, সেবা খাতের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠান (শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার)	▪ কোথাও কোথাও পদত্যাগের জন্য বাধ্য করা ▪ কিসের ভিত্তিতে চুক্তিতে নিয়োগ তা পরিষ্কার নয় - নিয়োগ প্রক্রিয়ায় ক্ষেত্রবিশেষে সুনির্দিষ্ট মানদণ্ড ও স্বচ্ছতার অনুপস্থিতি ▪ কোনো কোনো ক্ষেত্রে স্বার্থান্বেষী গোষ্ঠীর চাপে গৃহীত সিদ্ধান্ত প্রত্যাহার বা পরিবর্তন

অন্তর্বর্তী সরকার

নিয়োগ ও রদবদল

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ সরকারি চাকরিতে প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩২, এবং বিসিএস পরীক্ষায় একজন প্রার্থী সর্বোচ্চ চার বার অবতীর্ণ হতে পারবে বলে সিদ্ধান্ত ▪ একদিকে পিএসসি থেকে নিয়োগের সুপারিশ পেয়েও বিগত সরকারের সময়ে চাকরি না পাওয়া ২৫৯ চাকরিপ্রার্থীকে নিয়োগ, অন্যদিকে ৪৩তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সুপারিশপ্রাপ্ত হওয়ার পরও ৯৯ জন প্রার্থীকে নিয়োগ না দেওয়া ▪ রাজশাহীর সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে প্রশিক্ষণরত মোট ৩৬৯ জন উপপরিদর্শককে (এসআই) শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে অব্যাহতি ▪ আওয়ামী লীগ আমলে নিয়োগ পাওয়া ছয়টি বিসিএস ব্যাচের পুলিশ কর্মকর্তাদের রাজনৈতিক সংশ্লিষ্টতা যাচাইয়ের প্রক্রিয়া চলমান	▪ নিয়োগে বিপরীতধর্মী সিদ্ধান্ত ▪ অব্যাহতির সিদ্ধান্ত গ্রহণে স্বচ্ছতার ঘাটতি ও বিতর্ক ▪ রাজনৈতিক পরিচয় যাচাই-বাছাইয়ের ভিত্তিতে নিয়োগ দেওয়া বা না দেওয়ার চর্চা অব্যাহত

অন্তর্বর্তী সরকার

সংস্কারের উদ্যোগ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ দুই পর্যায়ে দশটি বিষয়ভিত্তিক সংস্কার কমিশন গঠন - • প্রথম পর্যায়ে জনপ্রশাসন, বিচার বিভাগ, নির্বাচনব্যবস্থা, সংবিধান, পুলিশ প্রশাসন, এবং দুর্নীতি দমন কমিশন সংস্কারবিষয়ক • দ্বিতীয় পর্যায়ে স্বাস্থ্য, গণমাধ্যম, শ্রমিক অধিকার, নারীবিষয়ক ▪ রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নামকরণে আইনি কাঠামো ঠিক করার জন্য কমিটি গঠন; তবে কমিটির সুপারিশের আগেই শেখ পরিবারের নামে প্রতিষ্ঠিত ২০টি প্রতিষ্ঠানের নাম পরিবর্তন	▪ অগ্রাধিকার ভিত্তিতে প্রশাসন, বিচার বিভাগ, নির্বাচন কমিশন ও নির্বাচনী ব্যবস্থা, আইন-শৃঙ্খলা খাতসহ বিভিন্ন খাত ও প্রতিষ্ঠানভিত্তিক সংস্কারের উদ্যোগ গ্রহণ ▪ সংস্কারের জন্য গঠিত কমিশনগুলো প্রতিনিধিত্বশীল না হওয়ার অভিযোগ - প্রথম গঠিত ছয়টি কমিশনে ধর্মীয় ও জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়ের কোনো প্রতিনিধিত্ব না থাকা, নারীর সংখ্যা কম থাকা, সাবেক আমলার আধিক্য, একটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রাধান্য ▪ বিভিন্ন কমিশন বা প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তাদের কোনো কোনো ক্ষেত্রে চাপের মুখে পদত্যাগ করায় স্থবিরতার সৃষ্টি; সংস্কার কমিশনের কাজ শেষ না হতেই নতুন নিয়োগের উদ্যোগ বাধ্যতামূলক বিবেচনা করা (নির্বাচন কমিশন, দুদক) ▪ জনগুরুত্বপূর্ণ হওয়া সত্ত্বেও শিক্ষা খাতের সংস্কারে কোনো কমিশন গঠন না করা; সংস্কার কর্মসূচিতে ব্যক্তিমালিকানাধীন খাতকে যথাযোগ্য গুরুত্ব না দেওয়া

অন্তর্বর্তী সরকার

জনপ্রশাসন

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ পতিত সরকারের সময় দলীয় বিবেচনায় বঞ্চিত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের পদোন্নতি (৫০১), নিয়োগ/ বদলি (২৮৫), সুপিরিয়র সিলেকশন বোর্ড (এসএসবি) এর মাধ্যমে নিয়োগ/ পদোন্নতি (২২১), প্রেষণে নিয়োগ/বদলি (৪৭৩) ▪ সমালোচনার পরিপ্রেক্ষিতে নতুন নিয়োগকৃতদের প্রত্যাহার - প্রত্যাহারের পর ৫৯ জেলায় জেলা প্রশাসক নিয়োগ; আবার দাবির পরিপ্রেক্ষিতে ৯ জেলার ডিসির প্রজ্ঞাপন বাতিল ও চারজনকে রদবদল ▪ পদোন্নতি ও পদায়নকে কেন্দ্র করে সচিবালয়ে বিশৃঙ্খলা ▪ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতির (জিইএমএস) আওতায় সহকারী সচিব থেকে সচিব/সিনিয়র সচিব পর্যায়ের কর্মকর্তাদের চাকরি-সংক্রান্ত তথ্য হালনাগাদ করার জন্য নির্দেশ ▪ হোয়াটসঅ্যাপ বা অন্য কোনো যোগাযোগ মাধ্যমে দেওয়া যে কোনো সরকারি তথ্যের গোপনীয়তা রক্ষা করাসহ জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রণালয়ের অধীন এবং মাঠ প্রশাসনের কর্মকর্তাদের জন্য পাঁচটি নির্দেশনা	▪ পদোন্নতিপ্রাপ্তদের মধ্যে কারও কারও বিরুদ্ধে অতীতে দুর্নীতি-অনিয়মের সঙ্গে যুক্ত থাকা, বিভাগীয় মামলায় শাস্তিপ্রাপ্ত, এবং আওয়ামী লীগের নানা অপকর্মের সহযোগী বলে অভিযোগ ▪ চুক্তিতে নিয়োগের ক্ষেত্রে অবসরপ্রাপ্তদের প্রাধান্য ▪ চুক্তিভিত্তিক নিয়োগ নিয়ে গত সরকারের আমলে বঞ্চিত ও পদোন্নতি প্রত্যাশী কর্মকর্তাদের মধ্যে হতাশা ▪ পদোন্নতি পাওয়া বা পদবঞ্চিত হওয়ার ক্ষেত্রে সুনির্দিষ্ট মানদণ্ড অনুসরণে ব্যর্থতার অভিযোগ

অন্তর্বর্তী সরকার

জনপ্রশাসন

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ পদায়নের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়ের ৮৫০ এর বেশি কর্মকর্তার তালিকা যাচাই-বাছাই ▪ জনপ্রশাসন মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্পের কাজের ধীরগতি - সচিব ও সচিব পদমর্যাদার কর্মকর্তার ঘাটতি, মাঠ পর্যায়ে প্রশাসকের পদায়নে বিলম্ব (বিভাগ ও জেলা প্রশাসক); যুগ্মসচিব ও উপসচিব পদে পদোন্নতির জন্য নোটিশ করা হলেও এসএসবির সভা চার মাস ধরে স্থগিত; অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ প্রায় বন্ধ; বিভিন্ন উন্নয়নমূলক ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি ব্যাহত ▪ কোনো কোনো কর্মকর্তার বিতর্কিত কার্যক্রম - বগুড়ার নতুন ডিসি হিসেবে যোগদানের পর প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমানের বাড়ি পরিদর্শন; সরকার ও প্রধান উপদেষ্টার বিরুদ্ধে সামাজিক যোগযোগমাধ্যমে নেতিবাচক পোস্ট দেওয়ায় চাকরিচ্যুতি; ▪ স্থানীয় পর্যায়ে কর্মকর্তাদের কোনো অনুষ্ঠানে যোগদানের ক্ষেত্রে সরকারি নির্দেশনার প্রেক্ষিতে বিভিন্ন ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণ নিরুৎসাহিত করা	▪ জনপ্রশাসনে পেশাদারিত্বের ঘাটতি ▪ বিতর্কিত কার্যক্রমের কারণে গৃহীত ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে বৈষম্য ▪ আমলাতন্ত্রে পতিত সরকারের দোসরদের প্রভাব অব্যাহত মর্মে অভিযোগ

৩. আইনের শাসন ও মানবাধিকার

আন্দোলনে হতাহতদের সহায়তা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ জুলাই ও আগস্টের শুরুতে দেশে ঘটে যাওয়া মানবতাবিরোধী অপরাধসহ ১৫ ধরনের মানবাধিকার লঙ্ঘনের তদন্তে জাতিসংঘের তথ্যানুসন্ধান দলের কাজ শুরু; নভেম্বরের শেষে সরকারের কাছে প্রতিবেদন দাখিল ও তারপর প্রকাশ ▪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণ-অভ্যুত্থানে হতাহতের সংখ্যার খসড়া তালিকা প্রকাশ ▪ ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদ ও আহতদের সহায়তা প্রদানের জন্য নীতিমালা তৈরি - ১৬ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত সময়কালে গণ-অভ্যুত্থানে অংশগ্রহণের কারণে আঘাতপ্রাপ্ত বা পরবর্তীতে শহীদ ব্যক্তির আইনসম্মত ওয়ারিশদের মেডিকেল বোর্ডের সুপারিশের ভিত্তিতে চিকিৎসা সুবিধা - সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তায় ৩০ থেকে ৪০ জনকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে প্রেরণ	▪ গণ-অভ্যুত্থানে বল প্রয়োগ ও হতাহতের ঘটনার তদন্ত চলমান ▪ আন্দোলনে হতাহতদের চূড়ান্ত ও পূর্ণাঙ্গ তালিকা প্রকাশে বিলম্ব; এখন পর্যন্ত তালিকা চূড়ান্ত না করা ▪ সরকারি ও বেসরকারি হিসাবে হতাহতের সংখ্যার তারতম্য

অন্তর্বর্তী সরকার

আন্দোলনে হতাহতদের সহায়তা ও হয়রানিমূলক মামলা প্রত্যাহার

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ ছাত্র-জনতার অভ্যুত্থানে নিহত ব্যক্তিদের প্রত্যেকের পরিবারকে ৩০ লাখ টাকা দেওয়ার সিদ্ধান্ত ▪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আহতদের চিকিৎসাসেবা নিশ্চিত করতে কমিটি গঠন - কেন্দ্রীয়ভাবে সহায়তা ও পরীক্ষণ ▪ জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশন গঠন - ফাউন্ডেশন থেকে ১৭৬ জন আহতকে মোট ১ কোটি ৭১ লাখ ৪২ হাজার ৫০ টাকা অনুদান (১৩ অক্টোবর পর্যন্ত) ▪ নিহতদের কোনো কোনো পরিবারের সদস্যকে চাকরি, আর্থিক সহায়তা প্রদান ▪ ছাত্র-জনতার আন্দোলনের সময় (১ জুলাই থেকে ৫ আগস্ট পর্যন্ত) সারা দেশে দায়ের করা প্রায় সব হয়রানিমূলক মামলা প্রত্যাহার ▪ যারা সক্রিয়ভাবে আন্দোলনের পক্ষে কাজ করেছেন, তাদের বিরুদ্ধে ১৫ জুলাই থেকে ৮ আগস্ট পর্যন্ত গণঅভ্যুত্থান সংশ্লিষ্ট ঘটনার জন্য কোনো মামলা, গ্রেফতার বা হয়রানি না করার নির্দেশ	▪ গণ-অভ্যুত্থানে শহীদের পরিবার পুনর্বাসন এবং সকল আহত শিক্ষার্থী ও জনতার চিকিৎসার ব্যয় বহনে উদ্যোগ গ্রহণ; তবে তা পর্যাপ্ত না হওয়ার অভিযোগে আন্দোলন ▪ চিকিৎসার অপর্যাপ্ততা ও ক্ষতিপূরণ না পাওয়া নিয়ে অসন্তোষ ও বিক্ষোভ ▪ দায়মুক্তির সিদ্ধান্তের সমালোচনা

অন্তর্বর্তী সরকার

গণহত্যায় জড়িতদের বিচারপ্রক্রিয়া

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ সাবেক সরকারের বিভিন্ন পদাধিকারী ব্যক্তি ও ব্যবসায়ীর বিরুদ্ধে মামলা - সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ২৫৩টি মামলা দায়ের; এর মধ্যে ২১৩টি হত্যা মামলা (১৭ নভেম্বর পর্যন্ত); বেশির ভাগ মামলায় শেখ হাসিনা ছাড়াও সাবেক মন্ত্রী, আওয়ামী লীগ নেতা, পুলিশের সাবেক মহাপরিদর্শক, সাবেক সরকারি কর্মকর্তা, আইনজীবী, ব্যবসায়ী ও সাংবাদিক আসামি; মন্ত্রী, সংসদ সদস্য, সাংবাদিকসহ বিভিন্ন পেশার শীর্ষস্থানীয় ৮০ জন গ্রেপ্তার ▪ ছাত্র-জনতার ওপর হামলাকারী, হত্যার ইন্ধনদাতা ও নির্দেশদাতাদের বিরুদ্ধে দেশের বিভিন্ন থানায় ১,৬৯৫টি মামলা; বিভিন্ন মামলায় ৩,১৯৫ জন গ্রেপ্তার (১৩ অক্টোবর পর্যন্ত) - এর মধ্যে আওয়ামী লীগের নেতৃস্থানীয় ৭৪ জন	▪ জুলাই-আগস্ট গণহত্যায় জড়িতদের বিচারপ্রক্রিয়া শুরু ▪ ক্ষেত্রবিশেষে মিথ্যা ও ভিত্তিহীন মামলা দায়ের ▪ মামলায় ঢালাওভাবে আসামী হিসেবে নাম দেওয়া ▪ গ্রেপ্তার বাণিজ্যের অভিযোগ; পূর্বশত্রুতা, রাজনৈতিক প্রতিপক্ষকে শায়েস্তা করা এবং চাঁদাবাজি ও হয়রানি করতে অনেককে আসামির করা হচ্ছে বলে অভিযোগ; আবার মামলা থেকে অব্যাহতি দেওয়ার নামে চাঁদাবাজি ▪ চাপের মুখে তদন্ত না করে মামলা গ্রহণ ▪ বিভিন্ন জনের গ্রেপ্তার নিয়ে লুকোচুরি - একাধিকবার একেক জায়গা থেকে গ্রেপ্তারের সংবাদ

অন্তর্বর্তী সরকার

গণহত্যায় জড়িতদের বিচারপ্রক্রিয়া

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন সংশোধনের উদ্যোগ ▪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণ-অভ্যুত্থানে সহিংসতার জন্য দায়ীদের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ৮০টির বেশি অভিযোগ দায়ের (৪ নভেম্বর পর্যন্ত) ▪ সাবেক প্রধানমন্ত্রী, আওয়ামী লীগের সাধারণ সম্পাদকসহ ৪৬ জনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি - ১৮ নভেম্বরের মধ্যে শেখ হাসিনাসহ ১৪ জনকে গ্রেপ্তার করে এই ট্রাইব্যুনালে উপস্থিত করার জন্য নির্দেশ ▪ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অপরাধে জড়িত থাকার অভিযোগে শাস্তি - সাময়িক বহিষ্কার, ক্লাস ও পরীক্ষা থেকে বিভিন্ন মেয়াদে বিরত রাখার নির্দেশ	▪ আইনি প্রক্রিয়া লঙ্ঘন করে গ্রেপ্তার ও রিমান্ডের পুরনো ধারা বিদ্যমান ▪ মানবাধিকার লঙ্ঘন - গ্রেপ্তার আওয়ামী লীগের নেতা-কর্মী আদালতে আক্রমণের শিকার; পরীক্ষা দিতে আসা ছাত্রলীগ নেত্রী আইন-শৃঙ্খলা বাহিনীর সামনে লাঞ্ছিত; সাবেক বিচারপতির ওপর আক্রমণ; আসামী পক্ষের আইনজীবীর ওপর হামলা ▪ আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) আইন সংশোধন না করে বিচারপ্রক্রিয়া শুরু ▪ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে নিয়োগকৃত বিচারক ও কৌঁসুলিদের নিয়োগ নিয়ে বিতর্ক/ সমালোচনা; তাদের দক্ষতা, অভিজ্ঞতা ও রাজনৈতিক সংশ্লিষ্টতা নিয়ে প্রশ্ন

অন্তর্বর্তী সরকার

আইন-শৃঙ্খলা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ আন্দোলনে নেতিবাচক ভূমিকার কারণে পুলিশের ভাবমূর্তির পতন - সরকার পতনের আগে-পরে সারা দেশে বিভিন্ন থানায় হামলা - বিভিন্ন স্থানে সহিংসতায় ৪৪ জন পুলিশ সদস্য নিহত; সারা দেশে পুলিশি ব্যবস্থার অনুপস্থিতি; থানার অস্ত্র ও গোলাবারুদ লুট; পুলিশি কার্যক্রম পুরোদমে শুরু করার ক্ষেত্রে ধীরগতি; কাজে যোগ না দেওয়া ▪ পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে গণহত্যায় জড়িত থাকার অভিযোগে মামলা দায়ের ▪ পুলিশে ব্যাপক রদবদল - অব্যাহতি, পদোন্নতি, পদায়ন ও বদলি ▪ আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ▪ বিভিন্ন গোষ্ঠী/ শ্রেণি-পেশার বিভিন্ন দাবিতে আন্দোলন - শিল্প খাতে শ্রমিক অসন্তোষ; সচিবালয় ঘেরাও করে আনসার সদস্যদের বিক্ষোভ; এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে আন্দোলন; এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য হওয়াদের পাস করিয়ে দেওয়ার দাবিতে আন্দোলন; কয়েকজন কর্মকর্তাকে চাকরি থেকে বরখাস্ত ও আরও কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে মামলার প্রতিবাদে পল্লী বিদ্যুৎ সমিতির দেশব্যাপী 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচি; চিকিৎসকের ওপর হামলার ঘটনাকে কেন্দ্র করে চিকিৎসক ও চিকিৎসা শিক্ষার্থীদের চার দফা দাবিতে কর্মবিরতি; রিকশাচালকদের আন্দোলন	▪ জুলাই-আগস্ট সময়ে গণহত্যায় জড়িত বিভিন্ন বাহিনীর সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ শুরু ▪ পদোন্নতি, পদায়ন ও বদলির বিষয়ে মনোযোগ ▪ পুলিশের নির্লিপ্ততা ও দায়িত্ব পালনে অনাগ্রহ; পেশাদারিত্বের ঘাটতি

অন্তর্বর্তী সরকার

আইন-শৃঙ্খলা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ ধর্মীয় সংখ্যালঘু, আদিবাসী, প্রান্তিক ও ভিন্নমতের জনগোষ্ঠীর আক্রান্ত হওয়া - ○ খাগড়াছড়ি ও রাঙামাটিতে বাঙালি-আদিবাসীদের সংঘর্ষ ও অগ্নিসংযোগের ঘটনায় ছয়জন নিহত ও শতাধিক আহত ○ ৫ থেকে ২০ আগস্ট পর্যন্ত ২,০১০টি সাম্প্রদায়িক সহিংসতা, ৯ জন নিহত (ঐক্য পরিষদ); ১,০৬৮ স্থাপনা হামলার শিকার (সংবাদপত্র) ○ দেশের বিভিন্ন স্থানে ছোট-বড় মিলিয়ে ৫০টির বেশি মাজারে হামলা ও অগ্নিসংযোগ; অন্তত একজন নিহত এবং আহত ৪৩ জন ○ দুর্গাপূজার সময় নিরাপত্তা ঝুঁকি ▪ সাংস্কৃতিক কার্যক্রমে বাধা দান - দেশের ২২ জায়গায় শিল্পকলা একাডেমিতে হামলা; প্রতিবাদের মুখে শিল্পকলায় নাটকের প্রদর্শনী বন্ধ; মেলা আয়োজনে নিষেধাজ্ঞা; একজন অভিনেত্রীর একটি বিপণিবিতান উদ্বোধনে বাধা দান	▪ ধর্মীয় সংখ্যালঘু, আদিবাসী, প্রান্তিক ও ভিন্নমতের জনগোষ্ঠীর আক্রান্ত হওয়ার ক্ষেত্রে ঘটনা যাচাই করা, দায়ীদের চিহ্নিত করা, তদন্ত করা ও তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে কার্যকর উদ্যোগের ঘাটতি

অন্তর্বর্তী সরকার

আইন-শৃঙ্খলা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ শীর্ষ সন্ত্রাসীদের (সুব্রত বাইন, 'পিচ্চি হেলাল', 'কিলার আব্বাস') কারাগার থেকে মুক্তি ও তারপর তাদের অপরাধমূলক তৎপরতা	▪ শীর্ষ সন্ত্রাসীদের কারাগার থেকে মুক্তির প্রক্রিয়া নিয়ে প্রশ্ন
▪ রাজধানীসহ সারা দেশে বাংলাদেশ সেনাবাহিনীকে দুই মাসের জন্য বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রদান; পরবর্তীতে নৌ ও বিমান বাহিনীকেও একই ক্ষমতা প্রদান; আরও দুই মাসের জন্য সময় বর্ধিত	▪ সামরিক বাহিনীকে বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রদান করলেও জবাবদিহি কার কাছে তা পরিষ্কার না করা
▪ বিভিন্ন সংস্থার অভিযানে গ্রেপ্তার - পুলিশ, র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), যৌথ বাহিনী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	▪ বিভিন্ন বাহিনীর অভিযানে বিচারবহির্ভূত হত্যা চলমান
▪ আন্দোলনের সময় ঢাকাসহ দেশের ১২টি জেলায় ১২৬ জন শনাক্ত অস্ত্রধারীর মধ্যে ১৯ জনকে গ্রেপ্তার	

অন্তর্বর্তী সরকার

মানবাধিকার

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ গুম থেকে সকল ব্যক্তির সুরক্ষার জন্য গুমবিরোধী আন্তর্জাতিক কনভেনশনে (ইন্টারন্যাশনাল কনভেনশন ফর দ্য প্রটেকশন অব অল পারসনস ফ্রম এনফোর্সড ডিসঅ্যাপিয়ারেন্স (আইসিপিপিইডি) স্বাক্ষর ▪ গুমের বিষয় তদন্ত ও ভুক্তভোগীদের জন্য ন্যায়বিচার নিশ্চিত করার জন্য কমিশন গঠন ▪ 'আয়না ঘর' থেকে কয়েকজনকে উদ্ধার; ডিজিএফআই ও পুলিশের বিরুদ্ধে আলামত নষ্টের অভিযোগ ▪ গত দেড় দশকে মানুষকে তুলে নিয়ে গুমের ঘটনায় গুম-সংক্রান্ত তদন্ত কমিশনে ১,৬০০টি অভিযোগ দাখিল ▪ ঢাকায় জাতিসংঘের মানবাধিকার পরিষদের কার্যালয় করার জন্য আলোচনা	▪ মানবাধিকার সংক্রান্ত গুরুত্বপূর্ণ উদ্যোগ গৃহীত ▪ ঢাকায় জাতিসংঘের মানবাধিকার পরিষদের কার্যালয় করা নিয়ে উপদেষ্টাদের পরস্পরবিরোধী বক্তব্য ▪ কর্তৃত্ববাদের প্রাতিষ্ঠানিকীকরণ এবং জনগণের মৌলিক অধিকার লঙ্ঘন, চাঁদাবাজি এবং আর্থিক খাতসহ রাষ্ট্রীয় দখলের প্রধান হাতিয়ার হিসেবে ব্যবহৃত গোয়েন্দা সংস্থাগুলো সংস্কারের কোনো উদ্যোগ না নেওয়া - ডিজিএফআই, ডিবি, এনএসআই, এনটিএমসি

অন্তর্বর্তী সরকার

বিচার বিভাগ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ কর্তৃত্ববাদী সরকার পতনের ধারাবাহিকতায় প্রধান বিচারপতি ও বিচারপতিদের পদত্যাগ ▪ বিচার বিভাগে নিয়োগ - প্রধান বিচারপতি, সুপ্রিম কোর্টের আপিল বিভাগের বিচারপতি, বিচারক, অ্যাটর্নি জেনারেল, ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও সহকারী অ্যাটর্নি জেনারেল, সরকারি কৌঁসুলি নিয়োগ ▪ বিডিআর বিদ্রোহ মামলায় ১৭ জন স্পেশাল পিপির নিয়োগ বাতিল ▪ সহজভাবে জনগণকে সেবা দেওয়া এবং কর্মকর্তা-কর্মচারীদের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতে প্রধান বিচারপতির ১২ দফা নির্দেশনা ▪ বিচারপতি অপসারণে সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল পুনর্বহাল ▪ স্বতন্ত্র সচিবালয় প্রতিষ্ঠার উদ্যোগ ▪ হাইকোর্টের মামলার তদন্তে বিভিন্ন সংস্থার অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন টাস্কফোর্স গঠনের নির্দেশ; তদন্ত শেষে ছয় মাসের মধ্যে আদালতে প্রতিবেদন দেওয়ার নির্দেশ ▪ সাংবাদিক দম্পতি সাগর সরওয়ার ও মেহেরুন রুনি হত্যা মামলার তদন্তে টাস্ক ফোর্স গঠন; তদন্ত শেষে ছয় মাসের মধ্যে আদালতে প্রতিবেদন দেওয়ার নির্দেশ	▪ বিচার বিভাগকে দুর্নীতি ও দলীয় প্রভাবমুক্ত করার প্রক্রিয়া শুরু ▪ আইন কর্মকর্তাদের নিয়োগে রাজনৈতিক বিবেচনার অভিযোগ ▪ বিচারক নিয়োগের বিধিমালা প্রণীত না হওয়া; তার আগেই আইন কর্মকর্তা ও বিচারক নিয়োগ

অন্তর্বর্তী সরকার

বিচার বিভাগ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বিভিন্ন সময় রাজনৈতিক প্রতিহিংসা ও নানা কারণে রাজনৈতিক নেতাকর্মী ও নিরীহ ব্যক্তিদের বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলা প্রত্যাহার করার জন্য সুপারিশের লক্ষ্যে জেলা ও মন্ত্রণালয় পর্যায়ে দুটি কমিটি গঠন ▪ সাবেক সরকারের সময়ে দায়ের করা মামলা ও রায় থেকে অব্যাহতি দান - মানহানির মামলা থেকে খালাস বিএনপির বিএনপির চেয়ারপারসন, ভারপ্রাপ্ত চেয়ারম্যান, মহাসচিব, জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব, স্থায়ী কমিটির সদস্য; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ও ডিজিটাল নিরাপত্তা আইনে করা মামলা থেকে অব্যাহতি; কোনো কোনো ক্ষেত্রে দণ্ড মওকুফ	▪ সাবেক সরকারের সময়ে দায়ের করা মামলা ও রায় থেকে অব্যাহতি এবং দণ্ড মওকুফের প্রক্রিয়া নিয়ে প্রশ্ন

৪. অনিয়ম-দুর্নীতি প্রতিরোধ ও অর্থপাচার রোধ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ দুর্নীতির অভিযোগের পরিপ্রেক্ষিতে দুদকের উদ্যোগ/ ব্যবস্থা গ্রহণ - ○ সাবেক সরকারের বিভিন্ন পর্যায়ের প্রভাবশালী ব্যক্তিদের বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশনের তদন্ত শুরু - সাবেক ৩০ মন্ত্রী-প্রতিমন্ত্রীসহ ১৭৯ জনের অবৈধ সম্পদ অর্জন ও অর্থ পাচারের বিষয়ে অনুসন্ধান চলমান; দেশত্যাগে নিষেধাজ্ঞা আরোপ; মাত্র দুইটি মামলা দায়ের ○ বিদেশে পাচার হওয়া অর্থ ফেরত আনা এবং ব্যবস্থাপনার জন্য আন্তঃসংস্থা টাস্কফোর্স পুনর্গঠন - সংশ্লিষ্ট দেশসহ আন্তর্জাতিক সহযোগিতার আহবান ○ বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যক্তির বিরুদ্ধে অর্থ পাচারের অভিযোগ অনুসন্ধান ○ ডিসি নিয়োগসংক্রান্ত দুর্নীতির বিষয়ে কয়েকটি দৈনিক পত্রিকা ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত সংবাদের পরিপ্রেক্ষিতে এই অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য উপদেষ্টা পরিষদ কমিটি গঠন ▪ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর পক্ষ থেকে প্রায় ৫০ জন সন্দেহভাজন, তাদের পরিবারের সদস্য ও ব্যবসা প্রতিষ্ঠানের হিসাব স্থগিত	▪ সাম্প্রতিক বিভিন্ন উদ্যোগ সত্ত্বেও দুদকের কার্যক্রমের সমালোচনা - প্রতিষ্ঠানের ওপর রাজনৈতিক ও আমলাতান্ত্রিক প্রভাব, সদিচ্ছার ঘাটতি, দুদকের কর্মকর্তাদের অদক্ষতা ▪ দুদকের চলমান অনুসন্ধান, তদন্ত, মামলা প্রত্যাহারের প্রক্রিয়া প্রশ্নবিদ্ধ

৪. অনিয়ম-দুর্নীতি প্রতিরোধ ও অর্থপাচার রোধ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ একজন বিচারপতির দুর্নীতির অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রধান বিচারপতি কর্তৃক বেঞ্চটি ভেঙে নতুন করে বেঞ্চ গঠন ▪ সাবেক প্রধানমন্ত্রীর শেখ হাসিনা, তাঁর বোনসহ বঙ্গবন্ধু পরিবারের সদস্যদের নিরাপত্তায় ব্যয় নিরূপণ, সম্পত্তি ও সুবিধাদির বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হাইকোর্টের নির্দেশ ▪ অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা এবং সমমর্যাদাসম্পন্ন ব্যক্তিদের আয় ও সম্পদ বিবরণী জমা দেওয়া বাধ্যতামূলক করা ▪ সরকারি কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধ এবং স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে ৩০ নভেম্বরের মধ্যে নির্দিষ্ট ফরম্যাটের মাধ্যমে সম্পদের হিসাব দেওয়ার নির্দেশনা প্রদান ▪ বিচার বিভাগের কর্মকর্তাদের সম্পদের হিসাব দেওয়ার নির্দেশ প্রদান ▪ এসপায়ার টু ইনোভেট (এটুআই) এর অনিয়ম-দুর্নীতি নিয়ে একাধিক তদন্ত কমিটি গঠন ▪ ভুয়া সনদ ব্যবহার করে মুক্তিযোদ্ধা কোটায় চাকরিপ্রাপ্তদের তালিকা প্রস্তুত চলমান ▪ দুদকের চেয়ারম্যান ও কমিশনারদের পদত্যাগ - সংস্কারের আগেই এসব পদে নিয়োগের বাধ্যবাধকতা সৃষ্টি	▪ সংস্কারের আগেই দুদক চেয়ারম্যান ও কমিশনার পদে নিয়োগের উদ্যোগের ফলে সংস্কারের উদ্দেশ্য ব্যাহত হওয়ার আশঙ্কা

৫. অর্থনৈতিক স্থিতিশীলতা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থা তুলে ধরতে শ্বেতপত্র প্রণয়ন কমিটি গঠন ▪ ন্যায্য, টেকসই ও গতিশীল অর্থনীতির ভিত্তি তৈরিতে টাস্কফোর্স গঠন - বৈষম্যহীন টেকসই উন্নয়নের জন্য অর্থনৈতিক কৌশল পুনর্নির্ধারণ ও প্রয়োজনীয় সম্পদ আহরণের (রি-স্ট্র্যাটেজাইসিং দ্য ইকোনমি অ্যান্ড মোবাইলাইজিং রিসোর্স ফর ইকুইটেবল অ্যান্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট) প্রতিবেদন প্রণয়ন এবং একটি ন্যায্য, টেকসই ও গতিশীল অর্থনীতির ভিত্তি তৈরি; ২০২৪ এর ডিসেম্বরের মধ্যে প্রাথমিক পূর্ণাঙ্গ প্রতিবেদন তৈরির কথা ▪ রাজনৈতিক বিবেচনায় গৃহীত এবং অর্থনৈতিকভাবে কম গুরুত্বপূর্ণ ও অপ্রয়োজনীয় প্রকল্প বাদ দেওয়ার সিদ্ধান্ত ▪ সাতটি চলমান মেগা প্রকল্পের যৌক্তিকতা পর্যালোচনার সিদ্ধান্ত ▪ দ্রুততম সময়ের মধ্যে ও স্বল্প ব্যয়ে মেট্রোরেল চালু ▪ তৈরি পোশাকশিল্পের শ্রমিকদের মাসিক হাজিরা বোনাস, টিফিন ও রাত্রিকালীন ভাতা বৃদ্ধি, নিম্নতম মজুরি বাস্তবায়নসহ ১৮ দফা বাস্তবায়নে মালিকপক্ষের সম্মতি	▪ আর্থিক খাতে সংস্কারের জন্য বিভিন্ন কমিটি ও টাস্কফোর্স গঠন ▪ রপ্তানি বৃদ্ধি - ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-অক্টোবরে ১,৫৭৯ কোটি মার্কিন ডলার মূল্যের পণ্য রপ্তানি, যা গত অর্থবছরের একই সময়ের তুলনায় ১০.৮% বেশি ▪ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে ধীরগতি - ২০২৪-২৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে ৪.৭৫% এডিপি বাস্তবায়িত ▪ তৈরি পোশাকশিল্পে বিশৃঙ্খলা চলমান

ব্যাংক খাত সংস্কার

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বাংলাদেশ ব্যাংকের গভর্নর নিয়োগ ও পরিচালনা পর্ষদ পুনর্গঠন ▪ ব্যাংক খাত সংস্কারে বাংলাদেশ ব্যাংকের টাস্কফোর্স গঠন ▪ রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর পরিচালনা পর্ষদ পুনর্গঠন ▪ একটি ব্যবসায়ী গোষ্ঠীর হাত থেকে ছয়টি ব্যাংক উদ্ধার - বিভিন্ন ব্যক্তিমালিকানাধীন ব্যাংকের পরিচালনা পর্ষদ থেকে সাবেক সরকারের সুবিধাভোগী ব্যক্তিদের অপসারণ ▪ ব্যাংকগুলোর শেয়ার বিক্রিতে নিষেধাজ্ঞা প্রদান - ব্যাংকগুলোর ঝুঁকিপূর্ণ ব্যবস্থাপনার জন্য কেন্দ্রীয় ব্যাংকের একটি সম্পদ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা	▪ ব্যাংকিং খাতে দীর্ঘ মেয়াদি সংস্কারের জন্য ব্যাংক কমিশন গঠন করার কথা বলা হলেও এখনো কোনো উদ্যোগ না থাকা

অন্তর্বর্তী সরকার

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ মূল্যস্ফীতি কমাতে বাংলাদেশ ব্যাংক সুদের হারে লাগাম তুলে নিয়ে বাজারে টাকার সরবরাহ কমানোর পদক্ষেপ গ্রহণ ▪ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য নির্ধারণ করে দেওয়া ▪ চাল, পেঁয়াজ ও আলুর আমদানির ক্ষেত্রে শুল্ক হ্রাস ও প্রত্যাহার; ডিম উৎপাদক বড় কোম্পানি ও ছোট খামারিরা সরকার নির্ধারিত দামে সরাসরি পাইকারি আড়তে ডিম পাঠাবে বলে সিদ্ধান্ত ▪ ঋণপত্র বা এলসি মার্জিন ছাড়াই নিত্যপণ্য আমদানি করা যাবে এবং যেসব প্রতিষ্ঠান খাদ্য, নিত্যপণ্য ও সার আমদানি করে, তাদের ক্ষেত্রে ব্যাংক থেকে ঋণ নেওয়ার কোনো সীমা থাকবে না বলে সিদ্ধান্ত	▪ সুদের হার ও ডলারের দামের কারণে নিত্যপণ্যের ব্যবসায়ীদের খরচ বৃদ্ধি ▪ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য ও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ নিয়ে বেশ কিছু উদ্যোগ নেওয়া হলেও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এখনো সম্ভব না হওয়া; উচ্চ মূল্যস্ফীতি বিশেষ করে খাদ্য মূল্যস্ফীতি এখনো অনেক বেশি

অন্তর্বর্তী সরকার

রাজস্ব সংগ্রহ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সংস্কারে পরামর্শক কমিটি গঠন ▪ জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) আয়কর আইন ২০২৩ পর্যালোচনা এবং সংস্কার প্রস্তাবের জন্য টাস্ক ফোর্স গঠন ▪ কালোটাকা সাদা করার সুযোগ আনুষ্ঠানিভাবে বাতিল - নগদ অর্থ, বন্ড বা সিকিউরিটিজ, আমানত, আর্থিক স্কিম ও যন্ত্রপাতিসহ সম্পদের ওপর ১৫ শতাংশ কর দিয়ে অবৈধ আয়কে বৈধ করার বিধান বাতিল ▪ দেশের শীর্ষস্থানীয় পাঁচজন ব্যবসায়ীর কর ফাঁকি খতিয়ে দেখা শুরু ▪ গ্রামীণ ব্যাংকের আওয়ামী লীগের আমলে বাতিলকৃত কর অব্যাহতি সুবিধা এবং আস-সুন্নাহ ফাউন্ডেশনকে কর অব্যাহতি সুবিধা ২০২৯ সাল পর্যন্ত প্রদান ▪ চলতি ২০২৪-২৫ করবর্ষের রিটার্ন দাখিল ও কর পরিপালন সহজীকরণের লক্ষ্যে অনলাইন রিটার্ন দাখিল ব্যবস্থা চালু; রিটার্ন দাখিলের ফি ও ব্যয় হ্রাস ▪ চার সিটি করপোরেশনে অবস্থিত আয়কর সার্কেলের অধিভুক্ত সরকারি কর্মচারী, ব্যাংকার, মোবাইল প্রতিষ্ঠানের কর্মী ও ছয়টি বড় কোম্পানির কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা	▪ ফ্ল্যাট ও জমি কেনার ক্ষেত্রে কোনো প্রশ্নের মুখোমুখি না হয়ে অবৈধ আয় বা কালোটাকা বৈধ করার সুযোগ বিদ্যমান ▪ চলতি অর্থবছরের প্রথম চার মাস (জুলাই-অক্টোবর) সময়ে শুল্ক-কর আদায়ে ঘাটতি ৩০,৭৬৮ কোটি টাকা; কোনো মাসেই রাজস্ব আদায়ের লক্ষ্য অর্জন করতে না পারা; আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর (মূসক বা ভ্যাট) ও আয়কর, এই তিন খাতের কোনোটিতেই লক্ষ্য পূরণ না হওয়া

অন্তর্বর্তী সরকার

শেয়ারবাজার

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি পুনর্গঠন ▪ শেয়ারবাজারের উন্নয়ন, বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি ও আন্তর্জাতিক মানের সুশাসন নিশ্চিত করতে পুঁজিবাজার সংস্কারের সুপারিশের জন্য পাঁচ সদস্যের টাস্কফোর্স গঠন ▪ শেয়ারবাজারের দরপতনের কারণ খুঁজতে তদন্ত কমিটি গঠন ▪ সালমান এফ রহমান ও এস আলমের শেয়ারবাজারে অনিয়মের তদন্তে কমিটি গঠন ▪ মূলধনি মুনাফার কর হ্রাস করে ১৫ শতাংশ করা	▪ শেয়ারবাজার এখনো অস্থিতিশীল

৬. গণমাধ্যমের স্বাধীনতা ও তথ্য অধিকার

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ ভুল ধরিয়ে দিতে গণমাধ্যমকে সোচ্চার থাকার আহবান প্রধান উপদেষ্টার ▪ গণমাধ্যম সংস্কার কমিশন গঠন ▪ গণমাধ্যমে কর্মরত সাংবাদিকদের বিরুদ্ধে হয়রানিমূলক মামলা পর্যবেক্ষণে কমিটি গঠন ▪ সাইবার নিরাপত্তা আইন বাতিলের সিদ্ধান্ত গ্রহণ - সাইবার নিরাপত্তা আইন বা এর পূর্বসূরি সব মামলা প্রত্যাহারের উদ্যোগ; সাইবার আইনে দায়ের হওয়া স্পিচ অফেন্স-সম্পর্কিত (মুক্তমত প্রকাশের কারণে মামলা) মামলা দ্রুত প্রত্যাহারের সিদ্ধান্ত ▪ সাইবার নিরাপত্তা আইনে প্রধান উপদেষ্টা, তথ্য উপদেষ্টা ও সেনাপ্রধানের বিরুদ্ধে সামাজিক মাধ্যমে নেতিবাচক মন্তব্য ও হত্যার হুমকি দেওয়া, কটূক্তি করার অভিযোগে মামলা - এসব মামলায় কোনো পদক্ষেপ না নিতে এবং কাউকে গ্রেফতার না করার নির্দেশ ▪ সরকারের দোসর ও আন্দোলনের বিরোধিতা করার অভিযোগে ঢালাওভাবে ১৬৭ জন সাংবাদিকের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল ▪ গণমাধ্যমের ওপর উদ্দেশ্যপ্রণোদিত আক্রমণ ও হুমকি-হামলাসহ কোনো কোনো গণমাধ্যম প্রতিষ্ঠানকে বন্ধ করার তৎপরতা	▪ সাইবার নিরাপত্তা আইনে ৫ আগস্ট-পরবর্তী সময়ে মামলা নেওয়া নিয়ে প্রশ্ন ▪ গণমাধ্যমের স্বাধীনতার ওপর হুমকি

৭. স্থানীয় সরকারব্যবস্থা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ ৫ আগস্টের পর থেকে সারা দেশে ৪,৫৮০টি ইউনিয়ন পরিষদের মধ্যে ১,৪১৬ জন ইউপি চেয়ারম্যান কার্যালয়ে অনুপস্থিত - জনপ্রতিনিধি না থাকায় সামাজিক সুরক্ষা কর্মসূচির আওতায় প্রকৃত ভাতাভোগীদের তালিকা চূড়ান্ত করতে অসুবিধা ▪ সব পর্যায়ের স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত জনপ্রতিনিধি অপসারণ এবং প্রশাসনিক কর্মকর্তা নিয়োগ - ১২টি সিটি কর্পোরেশনের মেয়র, ৬০টি জেলা পরিষদের চেয়ারম্যান এবং সারা দেশের সব (৪৯৩) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, নারী ভাইস চেয়ারম্যান ও পৌরসভার মেয়রদের - স্থানীয় সরকারের এই চার স্তরে সব মিলিয়ে ১,৮৭৬ জন জনপ্রতিনিধিকে অপসারণ ▪ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) জন্ম ও মৃত্যুনিবন্ধন কার্যক্রম কেন্দ্রীয় জন্ম ও মৃত্যুনিবন্ধন সার্ভারের মাধ্যমে পরিচালনা করার নির্দেশ; দক্ষিণ সিটিতে সব নিবন্ধনের তথ্য কেন্দ্রীয়ভাবে জমা করারও নির্দেশ ▪ বিভিন্ন ভাতার তালিকাভুক্ত সুবিধাভোগীদের পুনরায় যোগ্যতা যাচাই	▪ স্থানীয় সরকারপ্রতিষ্ঠানের কাজে স্থবিরতা ▪ সামাজিক সুরক্ষা কার্যক্রমের ওপর নেতিবাচক প্রভাব - সুবিধাভোগীদের দুর্ভোগ ▪ ডেঙ্গু নিয়ন্ত্রণ কার্যক্রম নিয়মিত পরিচালনা বিঘ্নিত

৮.১ শিক্ষা

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ ৪২ জন উপাচার্যের পদত্যাগের পরিপ্রেক্ষিতে ৪১টি বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ - আন্দোলনের প্রভাব কাটিয়ে বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম শুরু ▪ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি, গণরুম প্রথা বাতিল; নিয়মতান্ত্রিক আসন বরাদ্দ ▪ কমিটির দুজন সদস্যকে নিয়ে কিছু ধর্মভিত্তিক সংগঠনের আপত্তির পরিপ্রেক্ষিতে পাঠ্যপুস্তক সংশোধন ও পরিমার্জনের কাজ সমন্বয়ের লক্ষ্যে গঠিত সমন্বয় কমিটি বাতিলের বিতর্কিত সিদ্ধান্ত ▪ মাধ্যমিক পর্যায়ে ২০২৫ সালের মধ্যে ২০১২ এর পাঠ্যক্রমে ফিরে যাওয়া, মাধ্যমিকে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা পুনর্বহাল, অর্ধবার্ষিকীর বাকি মূল্যায়ন না করা ও বার্ষিক পরীক্ষায় পূর্বের মতো লিখিত পরীক্ষার মাধ্যমে মূল্যায়নের সিদ্ধান্ত ▪ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের টিউশন ফি নীতিমালা ২০২৪ জারি - এমপিওভুক্ত ও নন-এমপিও বেসরকারি স্কুল-কলেজের বেতন/টিউশন ফি ছাড়া অন্য সব ফি নির্ধারণ ▪ শিক্ষার্থীদের দাবির মুখে এইচএসসির কয়েকটি বিষয়ে পরীক্ষা গ্রহণ ছাড়াই ফলাফল প্রকাশ	▪ উপাচার্য নিয়োগের মানদণ্ড ও স্বচ্ছতা নিয়ে প্রশ্ন ▪ সমন্বয় কমিটি বাতিল সংক্রান্ত সিদ্ধান্তকে নতজানু নীতির বহিঃপ্রকাশ বলে সমালোচনা ▪ শিক্ষা একটি অগ্রাধিকার খাত হলেও এ খাতের সংস্কার সংক্রান্ত কোনো কমিশন গঠন না করা

৮.২ স্বাস্থ্য

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বিশেষজ্ঞদের নিয়ে স্বাস্থ্য খাত সংস্কার বিষয়ক কমিটি গঠন - কমিটি থেকে সভাপতির পদত্যাগ ▪ স্বাস্থ্য সংস্কার কমিশন গঠন ▪ একটি চিকিৎসক গোষ্ঠীর বিরুদ্ধে স্বাস্থ্য প্রশাসন, চিকিৎসা শিক্ষা ও জেলা পর্যায়ের স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোতে নিয়োগ বাতিল, বদলি ও পদায়নে প্রভাব বিস্তারের অভিযোগ ▪ ব্যক্তির নাম বাদ দিয়ে জেলার নামে দেশের ১৪টি হাসপাতাল ও ছয়টি মেডিকেল কলেজের নাম পরিবর্তন ▪ সরকারি হাসপাতালে চিকিৎসাসেবায় নিয়োজিত চিকিৎসকদের ওপর হামলা	▪ দলীয় লেজুড়বৃত্তিক রাজনীতির কারণে এ খাতে বিশৃঙ্খলা চলমান

৮.৩ বিদ্যুৎ ও জ্বালানি

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বিতর্কিত বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ বৃদ্ধি আইন ২০১০ এর অধীনে নতুন করে কুইক রেন্টাল চুক্তি নবায়ন না করার সিদ্ধান্ত; এই আইনের অধীনে গৃহীত বিদ্যুৎ-জ্বালানির চুক্তি পর্যালোচনায় দুইটি জাতীয় কমিটি গঠন ▪ নির্বাহী আদেশে বিদ্যুতের মূল্য বৃদ্ধির ধারা বাতিলের সিদ্ধান্ত ▪ বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ বৃদ্ধি আইন ২০১০ - দায়মুক্তি ও মন্ত্রীর একক ক্ষমতা-সংক্রান্ত বিধান অবৈধ ঘোষণা ▪ ভারত থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানি না করার সিদ্ধান্ত - বাংলাদেশ-ভারত গ্যাস পাইপলাইন নির্মাণ প্রকল্প বাতিল হওয়ার সম্ভাবনা ▪ আমদানি করা এলএনজি রূপান্তর করে সরবরাহের জন্য পটুয়াখালীর পায়রায় ভাসমান টার্মিনাল নির্মাণে মার্কিন কোম্পানি এক্সিলারেটের সঙ্গে সই হওয়া টার্মশিট বাতিল ▪ নবায়নযোগ্য জ্বালানি উৎপাদন ও ব্যবহারে প্রস্তাবনা, উদ্যোগ ও প্রণোদনা ▪ সময়মতো পরিশোধ করতে না পারার কারণে আদানি পাওয়ারের পাওনা ৮৪৬ মিলিয়ন ডলার - আদানির পক্ষ থেকে বিদ্যুৎ সরবরাহ অর্ধেক করার হুমকি	▪ কর্তৃত্ববাদী সরকারের করা বিদ্যুৎ ও জ্বালানি খাতের আইন ও বিভিন্ন চুক্তির কারণে আর্থিক ক্ষতি ও বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহে ঝুঁকি প্রকট

৮.৪ পরিবেশ সংরক্ষণ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ কক্সবাজারের মহেশখালীর সোনাদিয়া দ্বীপ ও আশপাশের এলাকায় বিস্তৃত ম্যানগ্রোভ বন ধ্বংসের কার্যক্রম অবিলম্বে বন্ধ এবং অবৈধ চিংড়িঘের উচ্ছেদ করতে আদালতের নির্দেশ ▪ কক্সবাজারে লোক প্রশাসন একাডেমির জন্য অনুমোদিত ৭০০ একর ‘রক্ষিত’ বনভূমির বরাদ্দ বাতিল ▪ মৌলভীবাজারের জুড়ী উপজেলার লাঠিটিলা সংরক্ষিত বনে সাফারি পার্ক প্রকল্প বাতিল ▪ ১৭টি একবার ব্যবহার্য প্লাস্টিকের তালিকাসংবলিত গেজেট প্রকাশ; দেশের সব সরকারি দপ্তরে একবার ব্যবহার্য প্লাস্টিকের ব্যবহার বন্ধের উদ্যোগ গ্রহণ; সুপার শপে প্লাস্টিকের ব্যাগ নিষিদ্ধ; দেশের সব আদালত প্রাঙ্গণে হোটেল, রেস্তোরাঁয় তালিকাভুক্ত একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক এবং নিষিদ্ধ পলিথিন ব্যাগের ব্যবহার বন্ধের নির্দেশনা ▪ সেন্ট মার্টিনে পর্যটন নিয়ন্ত্রণের উদ্যোগ	▪ পরিবেশ সংরক্ষণে বেশ কয়েকটি পদক্ষেপ গৃহীত ▪ বিকল্পের ঘাটতির কারণে প্লাস্টিক ব্যবহার বন্ধের কার্যক্রম বাস্তবায়নে ঝুঁকি ও প্রতিবন্ধকতা

৮.৫ বৈদেশিক কর্মসংস্থান

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ ‘ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড’-এ বিনিয়োগের ঊর্ধ্বসীমা ১ কোটি টাকা প্রত্যাহার ▪ বিদেশি মালিকানাধীন শিপিং বা এয়ার ওয়েজ কোম্পানির বিদেশস্থ অফিসে চাকরিরত অনিবাসী বাংলাদেশি নাবিক (মেরিনার), পাইলট ও কেবিন ক্রুদের জন্য ওয়েজ আর্নার বন্ডে বিনিয়োগের সুযোগ পুনরায় চালু ▪ বিদেশে কর্মী পাঠাতে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় থেকে নিয়োগ অনুমতির প্রয়োজন নেই বলে সিদ্ধান্ত ▪ বৈষম্যবিরোধী আন্দোলনে সমর্থন দিয়ে আরব আমিরাতে কারাদণ্ডপ্রাপ্ত ৫৭ জন প্রধান উপদেষ্টার উদ্যোগে বিশেষ ক্ষমা পেয়ে দেশে ফেরা - তাঁদের পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ ▪ মধ্যপ্রাচ্য থেকে ফেরত আসা কর্মীদের জন্য বিমানবন্দরে ভিআইপি সার্ভিস দেওয়ার সিদ্ধান্ত - ঢাকার হযরত শাহজালাল বিমানবন্দরে প্রবাসী লাউঞ্জ চালু ▪ মালয়েশিয়ার শ্রম বাজার পুনরায় চালুর উদ্যোগ গ্রহণ	▪ প্রবাসী আয় বৃদ্ধি - ২০২৪-২৫ অর্থবছরের জুলাই থেকে অক্টোবর সময়ে রেমিট্যান্স প্রাপ্তি ৮.৯৩ বিলিয়ন ডলার, গত অর্থবছরের একই সময়ে ৬.৮৭ বিলিয়ন ডলার (৩০ শতাংশ বৃদ্ধি)

অন্তর্বর্তী সরকার

সেনাবাহিনী

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ কর্তৃত্ববাদ পতনের ক্ষেত্রে আন্দোলনের চূড়ান্ত পর্বে ইতিবাচক ও গুরুত্বপূর্ণ ভূমিকা ▪ অন্তর্বর্তী সরকারের অন্যতম ক্ষমতার স্তম্ভ হিসেবে বিবেচিত ▪ রাজনীতি থেকে দূরে থাকার অঙ্গীকার/ ঘোষণা ▪ সেনাবাহিনী ও সংশ্লিষ্ট সংস্থার কর্মীদের মানবাধিকার লঙ্ঘনের তদন্তের উদ্যোগ ▪ সেনাবাহিনীর উচ্চ পর্যায়ে রদবদল, অব্যাহতি ▪ বেসামরিক প্রশাসন বিশেষ করে পুলিশের নৈতিক বিপর্যয়ের প্রেক্ষিতে আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়ক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন	▪ কর্তৃত্ববাদী সরকার পতনের পর আইন-শৃঙ্খলা রক্ষায় প্রত্যাশিত পর্যায়ে সেনাবাহিনীর ভূমিকার ঘাটতি ▪ পার্বত্য চট্টগ্রামে কেন্দ্রীয় কর্তৃত্ব সত্ত্বেও শান্তি-শৃঙ্খলা নিশ্চিতে প্রত্যাশিত ভূমিকা পালনে দৃশ্যমান ঘাটতি ▪ নির্বাচনের সময়সীমা বিষয়ে সেনাপ্রধানের ঘোষণা বিতর্কিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ রাষ্ট্রকাঠামো সংস্কারের জন্য ৩১ দফা সংস্কার প্রস্তাব উত্থাপন ▪ গণ-অভ্যুত্থানে অংশ নেওয়া রাজনৈতিক দলগুলোর সঙ্গে ধারাবাহিক আলোচনা ▪ সংবিধানসহ প্রাতিষ্ঠানিক সংস্কারে অন্তর্বর্তী সরকারের গঠিত ছয়টি কমিশনের আলোকে ছয়টি ছায়া কমিটি গঠন ▪ কর্তৃত্ববাদী সরকার পতনের কৃতিত্ব দাবি - আন্দোলনে নিহতদের মধ্যে ৪২২ জন বিএনপির বলে বিতর্কিত দাবি ▪ সরকারের সমালোচনা - অন্তর্বর্তী সরকারের মেয়াদ এবং নির্বাচনের সময় নিয়ে অস্পষ্টতা; নির্বাচনী রোডম্যাপ ঘোষণা না করা; প্রশাসনিক কার্যক্রমে ‘ধীরগতি’; দ্রব্যমূল্যের দাম নিয়ন্ত্রণে আনতে না পারা; প্রশাসনে পুরো শৃঙ্খলা ফেরাতে না পারা; জুলাই-আগস্টে শহীদ ও আহতদের পুরো তালিকা প্রকাশ করতে না পারা; সংস্কারের বিষয়ে সুনির্দিষ্ট কোনো রূপরেখা না থাকা; কী পরিবর্তন করবে-সে বিষয়টি অস্পষ্ট রাখা	▪ নির্বাচন নিয়ে সরকারের ওপর ক্রমাগত চাপ সৃষ্টি - সরকারের আন্তরিকতা নিয়ে প্রশ্ন; নির্বাচনের সময় নিয়ে রোডম্যাপের দাবি ▪ দলের ভেতরে গণতন্ত্র চর্চা ও প্রয়োজনীয় সংস্কারমূলক উদ্যোগের অনুপস্থিতি

রাজনৈতিক দল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ শীর্ষ নেতৃত্বের পক্ষ থেকে গণতন্ত্র, অসাম্প্রদায়িকতা ও সংস্কারের ওপর গুরুত্ব আরোপ - দলের নেতা-কর্মীদের কোনো ধরনের বিতর্কিত ও অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত না হওয়ার নির্দেশ ▪ নির্দেশ সত্ত্বেও সরকারের পতনের পর বিভিন্ন স্থানে নেতা-কর্মীদের একটি অংশের বিতর্কিত কর্মকাণ্ডে জড়ানো - অপরাধমূলক কর্মকাণ্ড, হামলা, চাঁদাবাজি, দখল, আধিপত্য বিস্তারে সংঘর্ষ ও হাঙ্গামা ▪ সুনির্দিষ্ট অভিযোগে ১,০২৩ জন নেতার বিরুদ্ধে বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ - কমিটি বিলুপ্ত ঘোষণা, কমিটি থেকে অব্যাহতি, কারণ দর্শাও নোটিশ প্রদান ▪ বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা ও স্বাস্থ্য প্রতিষ্ঠান (মেডিকেল বিশ্ববিদ্যালয় ও কলেজ, স্বাস্থ্য অধিদপ্তর), স্থানীয় সরকার প্রতিষ্ঠান (সিটি কর্পোরেশন), সড়ক পরিবহন খাতে দখল ও আধিপত্য বিস্তার ▪ বিএনপির সমর্থক ও অঙ্গ সংগঠনের সদস্য এবং প্রতিপক্ষ দলের সংগঠনের সদস্যদের মধ্যে বিরোধ ও সহিংসতা	▪ দলের মধ্যে দখলবাজি, চাঁদাবাজি ও আধিপত্য বিস্তারের সংস্কৃতি বিদ্যমান

রাজনৈতিক দল

বাংলাদেশ জামায়াতে ইসলামী ও অন্যান্য ইসলামী দল

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ রাষ্ট্রের সংস্কারে সরকারের জন্য ১০ দফা প্রস্তাব উত্থাপন - আইন ও বিচার, সংসদবিষয়ক সংস্কার, নির্বাচনব্যবস্থা সংস্কার, আইনশৃঙ্খলা সংস্কার, র‍্যাববিষয়ক সংস্কার, জনপ্রশাসন সংস্কার, দুর্নীতি, সংবিধান সংস্কার, শিক্ষা ও সংস্কৃতি সংস্কার, পররাষ্ট্রবিষয়ক সংস্কার, ধর্ম মন্ত্রণালয় সংস্কার ▪ শিক্ষাপ্রতিষ্ঠানসহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠান ও সংস্থায় ইসলামী ছাত্র শিবিরের প্রকাশ্য কার্যক্রম ▪ ইসলামপন্থীদের নিয়ে নির্বাচনী ঐক্যের জন্য বিভিন্ন ইসলামী দল ও আলেমদের সঙ্গে বৈঠক ▪ ধর্মান্ধ বিভিন্ন মহলের পক্ষ থেকে ধর্মীয়, জেন্ডার, জাতিগত, নৃতাত্ত্বিক ও লৈঙ্গিক বৈচিত্র্যসম্পন্ন সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর ঝুঁকিপূর্ণ ও বৈষম্যমূলক এজেন্ডা চাপিয়ে দেওয়ার প্রবণতা	▪ ধর্মভিত্তিক রাজনীতির প্রভাব বৃদ্ধি ▪ হিযবুত তাহরীরের প্রকাশ্য কার্যক্রম ▪ ডিজিটাল মাধ্যমভিত্তিক প্রচারণা বৃদ্ধি

অন্যান্য দল

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ প্রয়োজনীয় সংস্কারের পর অন্যান্য রাজনৈতিক দলের পক্ষ থেকে নির্বাচন অনুষ্ঠানের দাবি - সরকারের ওপর নির্বাচনের সময় নিয়ে তাদের পক্ষ থেকে কোনো চাপ না থাকার নিশ্চয়তা প্রদান	

রাজনৈতিক দল

বাংলাদেশ আওয়ামী লীগ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ সরকার পতনের পর শীর্ষ পর্যায়ের রাজনীতিকদের পলায়ন - রাজনীতিতে দৃশ্যমান না থাকা ▪ ভিডিও বার্তা ও সাক্ষাৎকারে বিভ্রান্তিমূলক ও প্ররোচণামূলক বার্তা প্রচার - আওয়ামী লীগকে শেষ করা সম্ভব নয়; ভারত আগামী ৯০ দিনের মধ্যে বাংলাদেশে নির্বাচন নিশ্চিত করবে বলে ঘোষণা; শেখ হাসিনা দেশ ছেড়ে ভারতে যাওয়ার আগে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করেননি; আওয়ামী লীগ পরবর্তী নির্বাচনে অংশ নেবে এবং এই নির্বাচন তিন মাসের মধ্যে হতে হবে; শেখ হাসিনা কোনো ভুল করেননি; বিক্ষোভকারীদের বিরুদ্ধে সহিংসতা করতে শেখ হাসিনা কাউকে কোনো নির্দেশ দেননি; গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠিত হলে শেখ হাসিনা আবার দেশে ফিরবেন ▪ ছাত্রলীগকে নিষিদ্ধ করায় আওয়ামী লীগের প্রতিবাদ ▪ শেখ হাসিনার বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবিতে সাবেক ছাত্রলীগ নেতাদের বিক্ষোভ ▪ বাংলাদেশে হিন্দু এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যালঘুদের ওপর হামলার অভিযোগ এনে ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে পিটিশন ক্যাম্পেইন ▪ প্রধান উপদেষ্টা ও তার পরিষদসহ সমন্বয়কদের বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে অভিযোগ দায়ের ▪ বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য বিএনপির কাছে সমঝোতা প্রস্তাব	▪ ক্ষমতাসীন থাকা অবস্থায় দুর্নীতি, অনিয়ম, অর্থ পাচার, মানবতাবিরোধী অপরাধ সংঘটন, বাক-স্বাধীনতা নিয়ন্ত্রণ এবং বৈষম্যবিরোধী আন্দোলনে হত্যাকাণ্ডের দায় স্বীকার বা কোনো প্রকার অনুশোচনা প্রকাশ না করা

বৈষম্যবিরোধী শিক্ষার্থী আন্দোলন

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ সরকারের সহায়ক শক্তি হিসেবে কার্যক্রম - • সাবেক প্রধান বিচারপতিসহ সুপ্রীম কোর্টের অন্যান্য বিচারপতিদের পদত্যাগ • আনসার আন্দোলন নিয়ন্ত্রণ • থানা থেকে লুট হওয়া অস্ত্র ফেরত • ঢাকার রাস্তায় ট্রাফিক নিয়ন্ত্রণ ও পরিচ্ছন্নতার কাজ • বন্যায় ত্রাণ কার্যক্রম পরিচালনা • বাজার সিন্ডিকেট ভাঙতে ‘বিনা লাভের দোকান’ চালু ▪ বন্যার্তদের জন্য গণত্রাণ সংগ্রহ কর্মসূচিতে ত্রাণ কার্যক্রমের হিসাবসংক্রান্ত নিরীক্ষা প্রতিবেদন প্রকাশ ▪ বিভিন্ন ইস্যুতে সরকারের ওপর চাপ সৃষ্টি অব্যাহত - আওয়ামী লীগ ও ছাত্রলীগ নিষিদ্ধ ঘোষণা করা, রাষ্ট্রপতি অপসারণের দাবি, উপদেষ্টা নিয়োগ, রাষ্ট্রীয় কার্যালয় থেকে শেখ মুজিবের ছবি সরানো ▪ বৈষম্যবিরোধী আন্দোলনের সংগঠক পরিচয় ব্যবহার করে চাঁদাবাজি ▪ জাতীয় পার্টির কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ ▪ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানে নির্দিষ্ট রাজনৈতিক দলের সমর্থক দাবি করে শিক্ষকদের পদত্যাগে বাধ্য করা, চাকরিচ্যুতি ও শিক্ষাদানে বিরত রাখা	▪ কোনো কোনো ক্ষেত্রে ক্ষমতার অপব্যবহার ও বিতর্কিত ভূমিকা

বৈষম্যবিরোধী শিক্ষার্থী আন্দোলন

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের প্রতিনিধিদের ৮-১৮ সেপ্টেম্বর সময়ে দেশের ৪৪টি জেলা সফর ও ছাত্র-নাগরিকদের সাথে মতবিনিময় - রাষ্ট্র সংস্কারের নানা প্রত্যাশা নিয়ে ঢাকায় মতবিনিময় সভা আয়োজন ▪ বাংলাদেশে রাজনীতি কীভাবে হবে সে বিষয়ে রূপরেখা তৈরির ঘোষণা ▪ ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ ও তাদের কিছু মিত্র দলকে রাজনীতির বাইরে রাখতে এবং ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের নির্বাচনকে অবৈধ ঘোষণার আবেদন জানিয়ে আদালতে দুইটি পৃথক রিট আবেদন; তবে পরবর্তীতে রিট না চালানোর সিদ্ধান্ত ▪ অন্তর্বর্তী সরকারের উপদেষ্টাদের মধ্যে দুজন গণতান্ত্রিক ছাত্রশক্তি নামের রাজনৈতিক সংগঠনের সদস্য হওয়ার পরিপ্রেক্ষিতে ছাত্রশক্তির সব কার্যক্রম স্থগিত ঘোষণা ▪ পুরনো কমিটি ভেঙ্গে দিয়ে নতুন কমিটি গঠন - বিভিন্ন জেলায় কমিটি গঠন শুরু ▪ নতুন রাজনৈতিক দল গঠনের অংশ হিসেবে জাতীয় নাগরিক কমিটির থানা পর্যায়ে কমিটি গঠন শুরু	▪ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিরুদ্ধে বিভিন্ন ক্ষেত্রে গুরুত্ব না দেওয়ার অভিযোগ - দলীয় লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতি নিষিদ্ধ; জুলাই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিচার; আহত ও ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ক্ষতিপূরণের দাবিগুলোতে নিশ্চুপ থাকা; একদিকে সরকারের ক্ষমতার ভিত্তি, অন্যদিকে সরকার-সমর্থিত সংগঠনের মতো ভূমিকা পালন

নাগরিক সমাজ

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ দলবাজি, দখল, চাঁদাবাজি ইত্যাদি বিষয়ে উদ্বেগ প্রকাশ ▪ সরকারের দায়িত্ব গ্রহণের পর অনতিবিলম্বে রাষ্ট্র সংস্কারসহ করণীয় বিষয়ক কৌশল ও রোডম্যাপ প্রণয়নের আহবান ▪ আন্দোলনের সহিংস দমন ও বহুমাত্রিক মানবাধিকার লঙ্ঘনে জাতিসংঘের উদ্যোগে ন্যায়বিচার নিশ্চিতের আহবান ▪ বাংলাদেশের সাম্প্রতিক গণ-আন্দোলন এবং পরবর্তী ঘটনাপ্রবাহ নিয়ে ভারতীয় সংবাদমাধ্যমে উদ্দেশ্যমূলক প্রচারণা, গুজব ও অপতথ্য ছড়ানো নিয়ে উদ্বেগ প্রকাশ ▪ বিভিন্ন নাগরিক সমাজের প্রতিষ্ঠান ও জোট থেকে সরকারের জন্য বিভিন্ন খাত ও প্রতিষ্ঠান সংস্কারের সুপারিশ প্রস্তাব - রাজনীতি, সংবিধান, নির্বাচন, অর্থনীতি, দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠা ▪ বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ থেকে নির্বাচন, সরকারের গ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা, গৃহীত উদ্যোগের মূল্যায়ন নিয়ে জরিপ প্রকাশ	▪ শিক্ষা কারিকুলাম কমিটি ও ব্যক্তিমালিকানাধীন খাত নিয়ে বক্তব্য দেওয়ার পর নেতিবাচক প্রতিক্রিয়া

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ নাগরিক সমাজের পক্ষ থেকে সরকারের মূল্যায়ন/ সমালোচনা - ○ সরকারের তৎপরতা ○ জোরালো কণ্ঠস্বরের ঘাটতি ○ আইন বিভাগের যথাযথ স্বচ্ছতার সঙ্গে দায়িত্ব পালন করতে না পারা ○ সিদ্ধান্ত গ্রহণে ধীরগতি ও অস্বচ্ছতা ○ 'মব জাস্টিস', মন্দির ও মাজার ভাংচুরের ঘটনায় কার্যকর ভূমিকার ঘাটতি ▪ বিভিন্ন বিষয়ে নাগরিক সংগঠনের পক্ষ থেকে প্রতিবাদ - আন্দোলনের পক্ষের ব্যক্তিকে আটক, একটি গোষ্ঠীর সমালোচনার পরিপ্রেক্ষিতে শিক্ষা কারিকুলাম কমিটি বিলুপ্ত করার সমালোচনা ▪ নাগরিক সমাজের পক্ষ থেকে সরকারের কাছে বিভিন্ন দাবি উত্থাপন	▪ বাক ও চিন্তার স্বাধীনতাকে পুঁজি করে সামাজিক যোগাযোগমাধ্যমে সরকারবিরোধী ও কর্তৃত্ববাদী সরকারের সমর্থনে কোনো কোনো ব্যক্তির মাধ্যমে রাজনৈতিক স্বার্থ পূরণের উদ্দেশ্যে ঢালাওভাবে অপতথ্য, হেট-স্পিচ, গুজব ছড়ানো ▪ সাধারণ জনগণের মধ্যে বিভক্তি, ভীতি ও দুশ্চিন্তার বিস্তার

আন্তর্জাতিক সম্প্রদায়

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ বিভিন্ন দেশ ও সংস্থার বাংলাদেশের শান্তিপূর্ণ এবং গণতান্ত্রিক পরিবর্তনের প্রতি সমর্থন (মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, অস্ট্রেলিয়া, ভারত, পাকিস্তান, রাশিয়া, চীন, ইরান, ইউরোপীয় ইউনিয়ন, জাতিসংঘ) ▪ বিভিন্ন দেশ ও সংস্থার পক্ষ থেকে মানবাধিকারের সুরক্ষা, সহিংসতার ঘটনার পূর্ণ এবং স্বাধীন তদন্তের প্রয়োজনীয়তা, শান্তিপূর্ণ প্রতিবাদের অধিকার সুরক্ষিত রাখার এবং সকল শান্তিপূর্ণ প্রতিবাদীকে মুক্ত করা, আইনের শাসনের প্রতি শ্রদ্ধার ওপর গুরুত্ব আরোপ ▪ অন্তর্বর্তী সরকারের প্রতি বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান ও সহায়তার অঙ্গীকার	▪ আন্তর্জাতিক সম্প্রদায়ের পক্ষ থেকে অন্তর্বর্তী সরকারের প্রতি মনোভাব ইতিবাচক ▪ প্রস্তাবিত অর্থনৈতিক সহায়তা, বিশেষ করে বিশ্বব্যাংক, এডিবি ও আইএমএফ এর মতো সংস্থার ঋণ সহায়তা প্রয়োজনীয় বলে বিবেচিত; তবে সংশ্লিষ্ট শর্তাবলি ও বিশেষ করে ইতোমধ্যে সুদসহ ঋণ পরিশোধের অতিরিক্ত দায়

আন্তর্জাতিক সম্প্রদায়

ভারতের কার্যক্রম

পর্যবেক্ষণ	মন্তব্য
▪ সরকার পতনের পর শেখ হাসিনা ও অন্যান্য কয়েকজন রাজনীতিকের ভারতে আশ্রয় গ্রহণ - ভারত সরকারের পক্ষ থেকে তাকে সাময়িকভাবে আশ্রয় দিয়েছে বলে বার্তা ▪ নতুন সরকার বাংলাদেশের স্থিতিশীলতা ও নিরাপত্তা বজায় রাখতে কার্যকর পদক্ষেপ নেবে এবং দুই দেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক আরও জোরদার করবে বলে ভারতের পক্ষ থেকে আশা প্রকাশ ▪ গণ-অভ্যুত্থানে বহিঃশক্তির ভূমিকা ও কর্তৃত্ববাদী সরকারের (আওয়ামী লীগের) পক্ষের বয়ান প্রচার ▪ গৃহীত পদক্ষেপ - বাংলাদেশ সীমান্তে উচ্চ সতর্কতা জারি; ঢাকায় কূটনৈতিক মিশন থেকে অপ্রয়োজনীয় কর্মীদের সরিয়ে নেওয়া; বাংলাদেশে ভারতীয় শিক্ষার্থীদের সরিয়ে নেওয়া; ভিসা পরিষেবা সীমিত করা ▪ ভারত-বাংলাদেশ বাণিজ্য সাময়িকভাবে স্থবির; তবে পরিস্থিতি স্থিতিশীল হওয়ার পর বাণিজ্য পুনরায় শুরু ▪ বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায় বিশেষ করে হিন্দুদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ - ভারতীয় গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে এ সংক্রান্ত উদ্দেশ্যমূলক অপপ্রচার ও গুজব ছড়ানো ▪ বাংলাদেশের কড়া প্রতিবাদ সত্ত্বেও ‘সীমান্ত হত্যা’ চলমান	▪ গণ-অভ্যুত্থানের মাধ্যমে কর্তৃত্ববাদী সরকার পতনের বাস্তবতা মেনে নিতে ভারতের সরকার, রাজনীতিক ও গণমাধ্যমের ব্যর্থতা

সার্বিক পর্যবেক্ষণ: সম্ভাবনা ও চ্যালেঞ্জ

- বৈষম্যবিরোধী আন্দোলনে নজিরবিহীন আত্মত্যাগের বিনিময়ে কর্তৃত্ববাদী সরকারের পতন বাংলাদেশের ইতিহাসে একটি স্বর্ণোজ্জ্বল অর্জন - রাষ্ট্র সংস্কার ও নতুন রাজনৈতিক ও সামাজিক বন্দোবস্তের মাধ্যমে ‘নতুন বাংলাদেশ’ গড়ার অভূতপূর্ব সুযোগ; এ অভীষ্ট অর্জনে রূপান্তরের প্রক্রিয়ায় অন্তর্বর্তী সরকারের পাশাপাশি বিভিন্ন অংশীজনের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন; তবে চলার পথে বহুমুখী চ্যালেঞ্জ ও ঝুঁকি
- অভ্যন্তরীণ ও বাহ্যিক বহুবিধ চ্যালেঞ্জের মুখোমুখি হওয়া সত্ত্বেও অন্তর্বর্তী সরকার গঠনের পর ১০০ দিনে সংস্কার, আইন-শৃঙ্খলা পরিস্থিতি, গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত অপরাধের তদন্ত ও বিচার, আর্থিক খাত, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ইত্যাদি ক্ষেত্রে উল্লেখযোগ্য উদ্যোগ ও সিদ্ধান্ত গ্রহণ; এসব সিদ্ধান্ত/ উদ্যোগ অধিকাংশ ক্ষেত্রে দীর্ঘমেয়াদি প্রক্রিয়ার অংশ
- অন্তর্বর্তী সরকারের ওপর অর্পিত দায়িত্ব তথা রাষ্ট্র সংস্কার ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত বাস্তবায়নে যথাসময়ে প্রয়োজনীয় কৌশল ও রোডম্যাপ প্রণয়নের সুযোগ না নেওয়া, যা এখনো অনুপস্থিত
- আন্দোলনে সংঘটিত সহিংসতার বিচার প্রক্রিয়ায় অব্যবস্থা - সুনির্দিষ্ট ও তথ্য-প্রমাণভিত্তিক মামলা দায়ের করার উদ্যোগের ঘাটতি; ঢালাওভাবে শত শত মামলায় শত শত ব্যক্তিকে আসামী করার ফলে মূল অপরাধীর উপযুক্ত বিচারের সম্ভাবনা নিয়ে উদ্বেগ
- পদত্যাগের প্রেক্ষিতে গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, যেমন নির্বাচন কমিশন, দুদক, মানবাধিকার কমিশন, তথ্য কমিশন পুনর্গঠনে চ্যালেঞ্জ, বিশেষ করে সংশ্লিষ্ট সংস্কার কমিশনসমূহের কার্যক্রম চলাকালীন অব্যবস্থা

সার্বিক পর্যবেক্ষণ: সম্ভাবনা ও চ্যালেঞ্জ

- সরকারের সিদ্ধান্ত গ্রহণে অ্যাড-হক প্রবণতা, উপদেষ্টা পরিষদ গঠন ও দায়িত্ব বণ্টনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বিতর্কিত
- প্রশাসন পরিচালনায় অনেক ক্ষেত্রে সরকারের দৃঢ়তা ও কর্মপরিকল্পনার ঘাটতি; সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সরকারে দায়িত্বশীলদের মধ্যে সমন্বয়হীনতা বিদ্যমান; কোনো কোনো ক্ষেত্রে সিদ্ধান্তহীনতা/ সিদ্ধান্ত নেওয়ার পর পরিবর্তন
- প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক সংস্কারের ক্ষেত্রে প্রধানত উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের অপসারণের মাধ্যমে দলীয়করণ থেকে মুক্ত করার প্রচেষ্টা, যদিও দলীয়করণের শিকড় অনেক গভীরে প্রোথিত বিধায় সুশাসনের চ্যালেঞ্জ ও ঝুঁকি বাড়ছে বলে শঙ্কা; অন্যদিকে রয়েছে এক দলীয়করণের স্থলে অপর দলীয়করণ প্রতিস্থাপনের উদ্বেগ; পদোন্নতি/ পদায়নকে কেন্দ্র করে অনেক ক্ষেত্রে অসন্তোষ
- কর্তৃত্ববাদ পতনের ক্ষেত্রে আন্দোলনের চূড়ান্ত পর্বে সেনাবাহিনীর ইতিবাচক ভূমিকা পালন; অন্তর্বর্তী সরকারের গুরুত্বপূর্ণ সহায়ক ও রাজনীতি থেকে নিবৃত থাকার ভূমিকা ইতিবাচক; তবে আইন-শৃঙ্খলা রক্ষা বিশেষ করে পার্বত্য চট্টগ্রামে কেন্দ্রীয় কর্তৃত্ব সত্ত্বেও শান্তি-শৃঙ্খলা নিশ্চিতে প্রত্যাশিত পর্যায়ে সেনাবাহিনীর ভূমিকার ঘাটতি

সার্বিক পর্যবেক্ষণ: সম্ভাবনা ও চ্যালেঞ্জ

- রাজনৈতিক দলসহ বিভিন্ন অংশীজনের পক্ষ থেকে সংস্কারের ক্ষেত্রে সরকারকে প্রয়োজনীয় সময় দেওয়ার প্রশ্নে কোনো কোনো মহলের ধৈর্যের ঘাটতি লক্ষণীয় - তিন মাসেই সরকারের কার্যক্রম নিয়ে কোনো কোনো মহলের হতাশা
- অনেক ক্ষেত্রে দলবাজি, দখলবাজি ও আধিপত্য বিস্তারের সংস্কৃতি চলমান - একটি স্বার্থান্বেষী গোষ্ঠী ও দলীয়করণের পরিবর্তে আরেকটি দলীয়করণের প্রতিস্থাপন/ হাতবদল; এ প্রক্রিয়ায় অনেক ক্ষেত্রে অন্তর্দ্বন্দ্ব
- রাজনৈতিক দলের অভ্যন্তরীণ সংস্কার নিয়ে দৃশ্যমান উদ্যোগ না থাকা, যা বৈষম্যবিরোধী আন্দোলন ও রাষ্ট্র সংস্কারের মূল চেতনা ধারণ ও রাষ্ট্র সংস্কার ও নতুন রাজনৈতিক বন্দোবস্তের অভীষ্ট অর্জনের ক্ষেত্রে সম্ভাব্য চ্যালেঞ্জ
- বিএনপির পক্ষ থেকে সংস্কার ও নির্বাচন নিয়ে অবস্থান পরিবর্তন - প্রথমে প্রয়োজনীয় সময় দেওয়ার কথা বললেও পরবর্তীতে দ্রুত নির্বাচন দেওয়ার দাবি
- বৈষম্যবিরোধী আন্দোলনকারী শিক্ষার্থীদের অগ্রাধিকার রাষ্ট্র সংস্কার হলেও কোনো কোনো ক্ষেত্রে অনড় অবস্থান ও রাজনৈতিক সহনশীলতার ঘাটতি; বৈষম্যবিরোধী আন্দোলনের মধ্যে অতিরিক্ত ক্ষমতায়ন এবং বিভাজনের লক্ষণ
- কোনো কোনো গণমাধ্যমের ওপর উদ্দেশ্যপ্রণোদিত আক্রমণ ও হুমকি-হামলাসহ একাধিক গণমাধ্যম প্রতিষ্ঠানকে বন্ধ করার তৎপরতা গণমাধ্যমের স্বাধীনতার ওপর হুমকি; অন্যদিকে অনেক সাংবাদিকের বিরুদ্ধে ঢালাও মামলা এবং নির্বিচারে অ্যাক্রিডিটেশন বাতিলের বিতর্কিত সিদ্ধান্ত

সার্বিক পর্যবেক্ষণ: সম্ভাবনা ও চ্যালেঞ্জ

- নাগরিক সমাজের পক্ষ থেকে সহযোগিতা ও সমালোচনার সুযোগ সার্বিকভাবে মুক্ত পরিবেশ ও বাক-স্বাধীনতার পরিচায়ক বিবেচিত হলেও একদিকে কোনো কোনো মহলের অতিক্ষমতায়ন ও তার অপব্যবহার, এবং চাপিয়ে দেওয়ার প্রবণতা অসাম্প্রদায়িক সম-অধিকারভিত্তিক ও বৈষম্যহীন নতুন বাংলাদেশের অভীষ্টের পথে অন্তরায়
- ধর্মভিত্তিক রাজনীতির বিকাশ ও প্রভাব দৃশ্যমান - অনেক ক্ষেত্রে সহিংসতা ও বলপ্রয়োগের কারণে জেন্ডার, ধর্মীয়, সাংস্কৃতিক ও নৃতাত্ত্বিক বৈচিত্র্য হুমকির মুখে, যা বৈষম্যবিরোধী চেতনার সাথে সাংঘর্ষিক
- ভারত কর্তৃক কর্তৃত্ববাদ পতনের বাস্তবতা মেনে নিয়ে নিজেদের ভুল স্বীকারে ব্যর্থতার পাশাপাশি বরং উত্তরণ প্রক্রিয়াকে অস্থিতিশীল করতে ভারত থেকে পতিত সরকারের ষড়যন্ত্রমূলক কর্মকাণ্ড - সর্বোপরি ভারতের সাথে কূটনৈতিক সম্পর্কের টানাপোড়েন সরকার ও দেশের জন্য উদ্বেগজনক
- অন্তর্বর্তী সরকারের প্রতি প্রভাবশালী দেশ ও দাতা সংস্থাসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সমর্থন, এবং অনেক ক্ষেত্রে সংস্কারের জন্য আর্থিক ও কারিগরি সহায়তার আশ্বাস ও ঘোষণা এই সরকার তথা আন্দোলনের অভীষ্টের প্রতি আস্থার প্রকাশ
- প্রস্তাবিত অর্থনৈতিক সহায়তা, বিশেষ করে বিশ্বব্যাংক, এডিবি ও আইএমএফ এর মতো সংস্থার ঋণ সহায়তা প্রয়োজনীয় বিবেচিত হলেও সংশ্লিষ্ট শর্তাবলি ও বিশেষ করে ইতোমধ্যে সুদসহ ঋণের ভারে জর্জরিত দেশবাসীর ওপর অতিরিক্ত বোঝার প্রভাব নিয়ে উদ্বেগের কারণ রয়েছে

ধন্যবাদ

সরকারি ও বেসরকারি হিসাবে হতাহতের সংখ্যার তারতম্য

প্রতিষ্ঠান	নিহত	আহত
স্বাস্থ্য মন্ত্রণালয়	৮৭২	১৯ ,৯৩১
সংবাদপত্র	৭৬৭	২২ হাজারের বেশি
হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি	৯৮৬	৩০ হাজারের বেশি
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের স্বাস্থ্যবিষয়ক উপকমিটি	১ ,৫৮১	৩১ হাজারের বেশি

আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি

- কর্তৃত্ববাদী সরকার পতনের পর সারা দেশে ছয় শতাধিক নিহত ও ১০ হাজারের বেশি মানুষ আহত
- আইন হাতে তুলে নেওয়ার প্রবণতা (‘মব জাস্টিস’) - গণপিটুনিতে মৃত্যু
- বিভিন্ন আন্দোলনকে কেন্দ্র করে শ্রমিক নিহত
- চুরি-ডাকাতি-ছিনতাই বৃদ্ধি
- সারা দেশের নয়টি কারাগারে বিক্ষোভ ও সহিংসতায় হতাহত, বন্দীদের পলায়ন
- শিল্পাঞ্চলে অস্থিরতা - বকেয়া বেতন পরিশোধ ও অন্যান্য দাবি-দাওয়া নিয়ে তৈরি পোশাক ও ওষুধ শিল্প-কারখানায় বিক্ষোভ-আন্দোলন; গাজী টায়ার কারখানায় হামলা ও অগ্নিসংযোগে মৃত্যু ও নিখোঁজ
- সারা দেশে আধিপত্য বিস্তারের জন্য সহিংসতা, ঘরবাড়ি, যানবাহন ও ব্যবসাপ্রতিষ্ঠান ভাঙচুর, অগ্নিসংযোগ ও লুটপাট - দুর্বৃত্তদের হামলায় বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মীদের মৃত্যু